THE GP PATIENT SURVEY

সমীক্ষাটির বিষয়ে:

001	**কেন এই সমীক্ষা করা হচ্ছে?** জিপি পেশেন্ট সার্ভে এমন ভাবে পরিকল্পনা করা হয়েছে যাতে রোগীরা জিপি ডাক্তারখানায় তাদের অভিজ্ঞতার বিষয়ে মতামত দেয়ার সুযোগ পায়। স্থানীয় জিপি ডাক্তারখানায় ও অন্যান্য স্থানীয় এনএইচএস পরিষেবায় আপনার অভিজ্ঞতা সম্পর্কে এই জরিপ আপনাকে জিজ্ঞাসা করে , এবং এর মধ্যে আপনার সাধারণ স্বাস্থ্য সম্পর্কে প্রশ্নসমূহ অন্তর্ভূক্ত। এই জরিপটি রোগীদের বিস্তারিত ইস্যু সম্পর্কে জিজ্ঞাসা করবে , যেমন, রোগীদের তাদের ডাক্তারখানায় এ্যাপয়েন্টমেন্ট করাটা কতটা সহজ বা কঠিন, খোলা থাকার সময় নিয়ে সন্তুষ্টি, জিপি ও প্র্যাকটিস নার্সদের কাছ থেকে প্রাপ্ত সেবার মান , ও অন্যান্য বিষয়সমূহ। এই জরিপের উত্তরগুলো রোগীর অভিজ্ঞতা পরিমাপ করবে এবং কোন কোন ক্ষেত্রে উন্নয়ন করা প্রয়োজন তা বুঝতে সার্জারিগুলোকে সাহায্য করবে। এই জরিপটি রোগীদেরকে পরিষেবাসমূহ দেয়ার ক্ষেত্রে তাদের ডাক্তারখানা কতটা ভালো করছে সে সম্পর্কে মতামত প্রদানে রোগীদের জন্য একটি সুযোগ।
002	**এটা আসলে কার কাছ থেকে?** এই সমীক্ষাটি ডিপার্টমেন্ট অফ হেল্থ-এর অঙ্গীকারের একটি অংশ যা রোগীদের চাহিদার প্রতি এনএইচএস-কে আরো সংবেদনশীল করতে, এবং তাদের স্থানীয় এনএইচএস পরিষেবা সম্পর্কে লোকেদের অভিজ্ঞতার একটা ভাল ধারণা তৈরী করবে। Ipsos MORI , একটি স্বাধীন সমীক্ষা সংস্থা, ডিপার্টমেন্ট অফ হেল্থ-এর হয়ে এই সমীক্ষাটি পরিচালনা করছে।
003	**আমাকে কেন প্রশ্নাবলী পাঠানো হয়েছে?** আপনাকে প্রশ্নাবলী পাঠানো হয়েছে কারণ ইংল্যান্ডের একটি জিপি -তে নাম লেখানো সাবালক রোগীদের তালিকা তেকে আপনাকে এলোপাথাড়িভাবে নির্বাচন করা হয়েছে। প্রায় 1.36 মিলিয়ন ইংল্যান্ডের জিপিতে নিবন্ধিত প্রাপ্তবয়স্ক রোগীকে জিপি রোগী জরিপের এই কাজের জন্য নির্বাচন করা হয়েছে।
147	**এই সমীক্ষা আবার কেন করা হচ্ছে?** জিপি পেশেন্ট সার্ভে জিপি ডাক্তারখানায় দেয়া যত্ন ও পরিষেবা সম্পর্কে রোগীদের অভিজ্ঞতা ও পছন্দ বিষয়ে মতামত দেয়ার একটি পন্থা হিসেবে চলমান রয়েছে। এমনকি আপনি যদি গত বছর একটি প্রশ্নপত্র পূরণ করেও থাকেন আপনার আরো সাম্প্রতিক অভিজ্ঞতা সম্পর্কে জানা গুরুত্বপূর্ণ , এবং এই বছর রোগী সংক্রান্ত ইস্যুগুলো নিয়ে আমরা আরো প্রশ্ন অন্তর্ভূক্ত করেছি।
004	**আমাকে কী অংশগ্রহণ করতেই হবে?** অংশগ্রহণ করা সম্পূর্ণ ঐচ্ছিক, তাই আপনাকে যে একটি প্রশ্নাবলী পূর্ণ করতেই হবে তা আবশ্যক না। কিন্তু এই পরিণাম যাতে লোকেদের জিপি ডাক্তারখানা অথবা স্বাস্থ্যকেন্দ্রের অভিজ্ঞতার একটি নির্ভুল চিত্র দেয় তাই আমাদের বিভিন্ন ধরণের লোকের কাছে থেকে বহু মতামত প্রয়োজন, তাই আমরা চাই যত বেশি সমভব লোক একটি প্রশ্নাবলী সম্পূর্ণ করুক। ডাক্তারখানা কত ভালভাবে রোগীদের পরিষেবা দিচ্ছে সেই বিষয়ে রোগীদের মতামত জানাবার একটা সুযোগ এই সমীক্ষা। আমরা আশা করি যেসব রোগীদের এই সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য নির্বাচন করা হয়েছে তারা এই সব গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর তাদের মতামত জানাবার এই সুযোগটি গ্রহণ করবে। আমরা যত বেশি উত্তর পাব ডাক্তারখানাগুলি কী ভাবে চলছে, সেই ব্যাপারে আরো নির্ভুল ধারণা পাব।

005	**আপনারা কতগুলি প্রশ্নাবলী পাঠাচ্ছেন?** ইংল্যান্ডের একটি জিপি-তে নাম লেখানো প্রায় 1.36 মিলিয়ন সাবালক রোগীকে এই জিপি পেশেন্ট সার্ভে সমীক্ষার জন্য এলোপাথাড়িভাবে নির্বাচন করা হয়েছে , যাতে প্রতি বছর ইংল্যান্ডের মোটামুটি 2.8 মিলিয়ন ভিন্ন ভিন্ন রোগীদের এই প্রশ্নাবলী পাঠানো যায়।
007	**অন্যান্য বিষয়গুলির মধ্যে আপনি বিভিন্ন বিষয়ের উপর প্রশ্ন করছেন, যেমন রোগীদের পক্ষে তাদের ডাক্তারখানায় একটি অ্যাপয়েন্টমেন্ট করা কত সহজ বা কঠিন, খোলা থাকার সময় কতটা সন্তোষজনক, তাদের জিপি এবং পেশাদার নার্সদের কাছ থেকে পাওয়া সেবার গুণমান কেমন। আমি কীভাবে আমার জিপি পরিষেবার অন্য দিকগুলির বিষয়ে আপনাকে বলব অথবা অভিযোগ করব?** আপনার ডাক্তার, নার্স অথবা জিপি ডাক্তারখানার বিষয়ে আপনার অন্য কোন মতামত অথবা অভিযোগ থাকলে ইপসোস মোরি আপনাকে সাহায্য করতে পারবে না। ইপসোস মোরি কেবল ডিপার্টমেন্ট অফ হেল্থ-এর হয়ে এই জিপি পেশেন্ট সার্ভেটি পরিচালনা করছে। আপনি যদি আপনার ডাক্তার অথবা ডাক্তারখানা যে পরিষেবা অথবা সেবা প্রদান করেছে সেই বিষয়ে মতামত দিতে অথবা অভিযোগ জানাতে চান, তাহলে প্রথমে আপনাকে ডাক্তারখানার সাথে যোগাযোগ করতে হবে। আপনার কোন অভিযোগ থাকলে, প্রতিটি ডাক্তারখানায় একজন কর্মীসদস্য ডাক্তারখানার অভিযোগ প্রণালীর দায়িত্বে আছেন এবং তিনি আপনার অভিযোগের সমাধান করার চেষ্টা করবেন। আপনি স্থানীয় পেশেন্ট অ্যাডভাইস অ্যাণ্ড লিয়াজঁ সার্ভিস (PALS)-এর সাথেও কথা বলতে পারেন যেগুলি প্রত্যেক এনএইচএস ট্রাস্ট এবং প্রাইমারী কেয়ার ট্রাস্ট (PCT) সংগঠনে স্থাপন করা হয়েছে। আপনি http://www.nhs.uk/ServiceDirectories/Pages/PrimaryCareTrustListing.aspx ওয়েবসাইট থেকে অথবা আপনার জিপি ডাক্তারখানা অথবা স্বাস্থ্যকেন্দ্রের সাথে যোগাযোগ করে আপনি কোন্ প্রাইমারী কেয়ার ট্রাস্ট এলাকায় বাস করছেন তা জানতে পারবেন।
009	**আমি কী সমীক্ষার পরিণাম দেখতে পারি?** হ্যাঁ, সমীক্ষার পরিণাম প্রকাশিত হয় এবং www.gp-patient.co.uk ওয়েবসাইটে দেখতে পারা যাবে। এগুলি অনলাইনে পাওয়া যাবে এবং সমস্ত জিপি ডাক্তারখানায় দেওয়া হয়েছে।জেনে রাখুন বিগত কয়েক বছরের সমীক্ষার পরিণাম www.gp-patient.co.uk বা www.dh.gov.uk – তে দেখা যায়। জিপি পেসেন্ট সার্ভের পরিণাম সম্পর্কে আরো বিশেষ তথ্য জানতে চাইলে অনুগ্রহ করে www.gp-patient.co.uk তে যান।
145	জরিপের ফলাফল কি জিপি এর আয় কে প্রভাবিত করে? জিপি পেশেন্ট সার্ভে ২০১১/২০১২ এ ডাক্তারখানার অর্থ প্রদান প্রক্রিয়ায় সরাসরি সংযুক্ত নয়।
171	জিপি পেশেন্ট সার্ভে কেন বছরে দুইবার করা হচ্ছে? অতীতে, ডাক্তারখানাগুলোকে জরিপের ফলাফলের ভিত্তিতে অর্থনৈতিক ভাবে পুরষ্কৃত করা হতো। এর মানে ছিল নির্দিষ্ট সংখ্যক প্রশ্নপত্র ফেরত পাওয়ার জন্য বিশাল অংকের জরিপ ছাড়া হতো। ২০১১/১২ তে জরিপটি আর ডাক্তারখানার আয় এর সাথে সংশ্লিষ্ট নয় যার মানে অল্প সংখ্যক জরিপ বিতরণ করলেও চলবে। এই কারণে জরিপটি ৬ মাসের জরিপে পরিণত হয়েছে।

প্রশ্নাবলী সম্পূর্ণ করা:

027	**আমাকে কী সবগুলি প্রশ্নের উত্তর দিতেই হবে?** এই প্রশ্নগুলির উত্তর দেওয়া সম্পূর্ণ ঐচ্ছিক, তাই আপনাকে দিতেই হবে না। কিন্তু আমরা আশা করি আপনি অংশগ্রহণ করবেন, কারণ তাহলে আমরা মানুষের অভিজ্ঞতার আরো ভাল ধারণা পাব। আপনার আগের উত্তরের দরুণ কিছু প্রশ্ন আমরা আপনাকে বাদ দিতে বলব। উদাহরণস্বরূপ, আপনি যদি প্রশ্ন ৯ এ টিক চিহ্ন দিয়ে থাকেন তাহলে আপনাকে কেবল প্রশ্ন ৮ -এর উত্তর দিতে হবে, তবে অনুগ্রহ করে যত্ন সহকারে প্রশ্নাবলীর নির্দেশগুলি অনুসরণ করবেন।
028	**খোপে আমি টিক না কাটা চিহ্ন দেব?** যে উত্তরটি আপনার নিজস্ব মতামত অথবা অভিজ্ঞতার সবচেয়ে কাছাকাছি সেই খোপে আপনি হয় একটি টিক অথবা একটি কাটা চিহ্ন দিতে পারেন।
	কাগজে প্রশ্নাবলী সম্পূর্ণ করতে আমার অসুবিধা হলে কী হবে? যে সব রোগীদের প্রশ্নাবলী পূর্ণ করতে অসুবিধা হচ্ছে,তাদের জন্য ইপসোস মোরি একটি ফ্রীফোন টেলিফোন নম্বর দিচ্ছে। অনুগ্রহ করে সোম থেকে শুক্রবার সকাল 9টা থেকে রাত 9টার মধ্যে অথবা শনিবার সকাল 10টা থেকে বিকেল 5টার মধ্যে 0808 238 5385 নম্বরে ফোন করুন। যে সব রোগীরা কাগজে প্রশ্নাবলী সম্পূর্ণ করতে অনিচ্ছুক তারা অনলাইনে www.gp-patient.co.uk এ গিয়ে প্রশ্নাবলী সম্পূর্ণ করতে পারেন। তবে অনুগ্রহ করে মনে রাখবেন, রোগী প্রতি কেবল একটি উত্তর গ্রহণ করা হবে।
029	**আমি কী অন্য কোন ভাষায় সমীক্ষাটি সম্পূর্ণ করতে পারি?** হ্যাঁ, আপনি হয় 'আদার ল্যাঙ্গুয়েজেস' লিংকটি অনুসরণ করে উর্দু, পাঞ্জাবী, পোলিশ, বাংলা, আরবী, ফরাসী, গুজরাটী, তুর্কী, সোমালী, পর্তুগীজ, ম্যাণ্ডারীন, চেক্ এবং স্লোভাক ভাষায় সমীক্ষাটি সম্পূর্ণ করতে পারেন বা নিম্নলিখিত ফ্রীফোন নম্বরে ফোন করতে পারেন : উর্দু - 0808 238 5379 পাঞ্জাবী - 0808 238 5380 পোলিশ - 0808 238 5381 বাংলা - 0808 238 5382 আরবী - 0808 238 5383 ফরাসী - 0808 238 5384 গুজরাটী - 0808 238 5386 তুর্কী- 0808 238 5387 সোমালী - 0808 238 5388 পর্তুগীজ - 0808 238 5389 ম্যাণ্ডারীন - 0808 238 5475 চেক্ - 0808 238 5477 স্লোভাক - 0808 238 5476 অনুগ্রহ করে মনে রাখবেন রোগী প্রতি কেবল একটি উত্তর গ্রহণ করা হবে

158	**প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় বিএসএল সংকেতের অর্থ কী?** প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় বিএসএল সংকেতটি হল ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ-এর প্রতীক। ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ (BSL) ব্রিটেনে সাইন ল্যাঙ্গুয়েজ-এর সবচেয়ে প্রচলিত ধরণ। ভাষা হিসাবে বিএসএল -এর নিজস্ব ব্যাকরণ এবং বাক্যগঠন আছে, এবং এটা কথ্য ইংরেজী ভাষার উপর নির্ভরশীল নয় অথবা নিবিড়ভাবে সম্পর্কিত নয়। ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজে জিপি পেশেন্ট সার্ভে-এর বিষয়ে আরো তথ্য এবং সমীক্ষার একটি অনলাইন সংস্করণ বিএসএল ইউজার লিংক-এর মাধ্যমে পাওয়া যায়।
031	**আমি একটি ভুল করেছি? আমি কী করব?** ভুল করে থাকলেও আমরা চাই আপনি আপনার সম্পূর্ণ করা প্রশ্নাবলী পাঠাবেন। অনুগ্রহ করে ভুল উত্তরের জন্য খোপটি সম্পূর্ণ ভর্তি করুন এবং তারপর যত্নসহকারে সঠিক খোপে টিক চিহ্ন দিন।
033	**আমি আমার প্রশ্নাবলী হারিয়ে ফেলেছি; আপনি কী আমাকে আর একটি প্রতিলিপি পাঠাতে পারেন?** যারা তাদের প্রশ্নাবলী ফেরৎ পাঠায় নি আমরা তাদের মনে করিয়ে দেবার জন্য আরেকবার একটি প্রশ্নাবলী পাঠাবো, সুতরাং সেটা পরবর্তী কয়েক সপ্তাহের মধ্যে আপনার কাছে পৌঁছে যাওয়া উচিত।
034	**আমি কি প্রশ্নাবলীটি পূর্ণ করার জন্য আমার স্বামী বা স্ত্রী/বন্ধু/অন্য কাউকে দিতে পারি?** না, চিঠিতে যে ব্যক্তির নাম লেখা আছে প্রশ্নাবলী সেই ব্যক্তির অভিজ্ঞতা জানতে চায়, সুতরাং যদিও আপনি প্রশ্নাবলী পূর্ণ করার জন্য সাহায্য চাইতে পারেন, সেটি অবশ্যই আপনার নিজস্ব অভিজ্ঞতার বিষয়ে লিখে সম্পূর্ণ করবেন।
035	**আমি অন্য লোকেদের জন্য যে অ্যাপয়েন্টমেন্ট করি সেই বিষয়ে কী আমি উত্তর দিতে পারি?** না, প্রশ্নমালার মধ্যে অন্য সমস্ত প্রশ্নমালাগুলি আপনি নিজের জন্য যে এপয়েন্টমেন্ট করেন সেই বিষয়ে এবং আপনি যখন আপনার জিপির সাথে দেখা করেন বা কথা বলেন আপনার সেই সময়ের অভিজ্ঞতার বিষয়ে। অনুগ্রহ করে শুধু আপনার নিজস্ব ব্যক্তিগত অভিজ্ঞতা দিয়ে প্রশ্নাবলীটি পূর্ণ করুন এবং আপনার বাচ্চাদের অথবা অন্য কারোর অভিজ্ঞতা দিয়ে পূর্ণ করবেন না।
041	**আমি কী কাউকে প্রশ্নাবলী পূর্ণ করতে সাহায্য করতে পারি?** হ্যাঁ, তাতে কোন অসুবিধা নেই। আপনার একজন বন্ধু বা আত্মীয়ের যদি প্রশ্নাবলী পূর্ণ করার জন্য সাহায্য চান, তাহলে আপনি সাহায্য করতে পারেন। তবে উত্তরগুলি অবশ্যই তাদের অভিজ্ঞতার বিষয়ে হওয়া উচিত।
042	**প্রশ্নাবলী পূর্ণ করার জন্য আমি কী অন্য কারোর সাহায্য চাইতে পারি?** হ্যাঁ, তাতে কোন অসুবিধা নেই। প্রশ্নাবলী ভর্তি করার জন্য আপনার কোন সাহায্যের প্রয়োজন হলে, আপনি একজন বন্ধু বা আত্মীয়কে সাহায্য করতে বলতে পারেন, তবে উত্তরগুলি শুধু আপনার অভিজ্ঞতার বিষয়ে হওয়া উচিত।
037	**আমাকে কী চিঠিটি ফেরৎ পাঠাতে হবে ?** না, আপনাকে শুধু সম্পূর্ণ করা প্রশ্নাবলী প্রদত্ত ডাক মাশুল দেওয়া খামে ভরে ফেরৎ পাঠাতে হবে।
038	**আমি গত সপ্তাহে/গত মাসে/সম্প্রতি আমার ডাক্তারখানা পরিবর্ত্তন করেছি, আমাকে কী তা সত্বেও প্রশ্নাবলী সম্পূর্ণ করতে হবে?** এই সমীক্ষা সেই সব লোকেদের কাছে পাঠানো হচ্ছে যাদের নাম গত ছয় মাসে একটি জিপি ডাক্তারখানায় লেখানো ছিল। অনুগ্রহ করে সেই সময়ের মধ্যে (অথবা সেই পর্বের অধিকাংশ সময়) আপনি যে ডাক্তারখানায় নিবন্ধীকৃত ছিলেন শুধু তার বিষয়ে প্রশ্নগুলির উত্তর দিন ।

039	**আমি গত বছর আমার জিপির সাথে দেখা করিনি কিন্তু তাও আমাকে একটি প্রশ্নাবলী পাঠানো হয়েছে। আমি কী সেটি সম্পূর্ণ করব?** হ্যাঁ, আপনি যদি একজন জিপি-র কাছে নিবন্ধীকৃত থাকেন - আপনি সম্প্রতি একজন জিপি-র সাথে দেখা না করে থাকলেও আপনার উত্তরগুলি আমাদের কাছে মূল্যবান।
120	**আমি ডাক্তারখানায় আমার জিপি (ডাক্তার)-এর সাথে দেখা করি না, শুধু নার্সের সাথে দেখা করি। আমি কী তাও সমীক্ষাটি পূর্ণ করতে পারি?** এই সমীক্ষায় একজন ডাক্তার অথবা নার্সের সাথে **দেখা করার বা কথা বলার** বিষয়ে প্রশ্ন আছে। সুতরাং অনুগ্রহ করে শুধুমাত্র একজন ডাক্তার অথবা নার্সের সাথে **আপনার দেখা করার বা কথা বলা** সংক্রান্ত অভিজ্ঞতার প্রশ্নগুলির উত্তর দিন।
043	**আমাকে কখন এটা ফেরত পাঠাতে হবে?** অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব আপনার সম্পূর্ণ করা প্রশ্নাবলী পাঠান, এবং অনুগ্রহ করে নিশ্চিত করুন যে প্রশ্নাবলীটি যেন অবশ্যই ৩০ মার্চ ২০১২ তারিখের পূর্বে আমাদের কাছে পৌছাঁয়। যারা উওর দেননি, ইপসোস মোরি তাদের মনে করিয়ে দেবার জন্য ২০১২ এর ফেব্রুয়ারীর প্রথম দিকে এবং মার্চ এ অনুস্মারক প্রশ্নাবলী পাঠাবে।
045	**আমার চিঠির সাথে আমি একটি খাম/প্রশ্নাবলী পাইনি?** এই রকম হয়ে থাকলে আমাদের ক্ষমা করবেন। আমরা অল্প দিনের মধ্যেই প্রশ্নাবলীর প্রতিলিপিসহ একটা মনে করিয়ে দেবার চিঠি পাঠাবো সুতরাং অনুগ্রহ করে সমীক্ষাটি যখন পৌঁছাবে তখন তা সম্পূর্ণ করবেন এবং সংযুক্ত খামে ভরে এটা ফেরত পাঠান। অথবা, আপনার কাছে যদি একটি প্রশ্নাবলী থাকে এবং সেটি আপনি পূর্বেই আমাদের কাছে পাঠাতে চান, অনুগ্রহ করে "FREEPOST GP PATIENT SURVEY" লেখা খামে প্রশ্নাবলীটি ভরে দেবেন। কোন ডাকটিকিট লাগবে না।
182	আমি কিভাবে এর **Q34** উত্তর দেবো? আপনি যেদিন জিপি পেশেন্ট সার্ভের প্রশ্নপত্রের উত্তর দিচ্ছেন ওই দিন আপনার নিজের স্বাস্থ্যের বর্ণনা করে এই প্রশ্নটি পূরণ করতে হবে। অনুগ্রহ করে নিচের প্রত্যেকটি হেডিং এর তিনটি থেকে একটি বেছে নিন (চলাচল, নিজের-যত্ন, সাধারণ কার্যক্রম, ব্যথা/অস্বস্তি, এবং উদ্বেগ/বিষন্নতা) যা আজকে আপনার স্বাস্থ্যের অবস্থা সবচেয়ে ভালো বোঝায়।
183	কেন আপনি আমাকে আমার চিকিৎসার অবস্থা নিয়ে জিজ্ঞেস করছেন (**Q31**)? এই তথ্য সরকারকে এটা বুঝতে সাহায্য করে যে সময়ের সাথে সাথে দীর্ঘ-মেয়াদী অবস্থা সম্পন্ন ব্যক্তিদের স্বাস্থ্য সম্পর্কিত জীবনযাত্রার মান উন্নত হচ্ছে।
184	**EuroQol Group** কে বা কি? তারা জরিপের সাথে জড়িত কেন? EuroQol Group গবেষকদের একটি আন্তর্জাতিক সংগঠন তৈরি করে। এই গ্রুপটি EQ-5D প্রশ্ন (Q34) তৈরি করেছে যা জনসাধারণের স্বাস্থ্যের অবস্থা জানার জন্য জিপি পেশেন্ট সার্ভে তে ব্যবহার করা হয়েছে।

ওয়েবসাইট/অনলাইনে সমাপন:

048	**আমি কী অনলাইনে সমীক্ষাটি সম্পূর্ণ করতে পারি?** আপনি যদি অনলাইনে এই সমীক্ষা সম্পূর্ণ করতে চান , তাহলে অনুগ্রহ করে www.gp-patient.co.uk এ যান এবং সমীক্ষার লিংকটি অনুসরণ করুন। তারপর আপনাকে যখন ইউজার নেম আর আপনার অদ্বিতীয় পাসওয়ার্ডও এন্টার করতে বলা হবে তখন আপনার ১০ অঙ্ক সূত্র নম্বর / ইউজার নাম জানাতে হবে। সূত্র নম্বর এবং পাসওয়ার্ড প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় ছাপা আছে। মনে রাখবেন, রোগী প্রতি কেবল একটি উত্তর গৃহীত হবে।
049	**অনলাইনে সমীক্ষা সম্পূর্ণ করার জন্য আমার প্রয়োজনীয় লগইন বিবরণ/সূত্র আমি হারিয়ে ফেলেছি। আমি কী পুনরায় এগুলি পেতে পারি ?** যারা সমীক্ষাটি সম্পূর্ণ করেন নাই তাদের সবাইকে মনে করিয়ে দেবার জন্য আমরা আগস্টের প্রথম দিকে এবং সেপ্টেম্বরে চিঠি পাঠাবো । আপনি তখন আর একটি প্রশ্নাবলীর প্রতিলিপি পাবেন এবং হয়ত সমীক্ষাটি কাগজে সম্পূর্ণ করতে বেছে নিবেন অথবা সূত্র নম্বরটি ব্যবহার করে এটা অনলাইনে সম্পূর্ণ করবেন।
051	**অনলাইনে সমীক্ষাটি সম্পূর্ণ করার জন্য কোথায় আমি ইউজার নেম/সূত্র নম্বর খুঁজে পেতে পারি?** অনলাইনে সমীক্ষাটি সম্পূর্ণ করার জন্য প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় কম্পিউটারের প্রতীক চিহ্নিত বিভাগে ইউজার নেম/সূত্র নম্বর এবং পাসওয়ার্ড ছাপা আছে।

অংশগ্রহণ করা:

061	**আমি কেন একটি প্রশ্নাবলী পাইনি? কীভাবে আমি একটি পাব?** প্রশ্নাবলীটি এলোপাথাড়িভাবে নির্বাচিত মানুষদের কাছে পাঠানো হচ্ছে যারা ইংল্যাণ্ডে একজন জিপি-র কাছে নিবন্ধীকৃত। ডিপার্টমেন্ট অফ হেল্থ একজন জিপি-র কাছে নিবন্ধীকৃত রোগীদের এনএইচএস তালিকা থেকে তাদের নাম এলোপাথাড়িভাবে নির্বাচন করেছে। সমীক্ষাটি যে বৈধ তা নিশ্চিত করার জন্য, ইপসোস মোরি সেই সব লোকেদের কাছে প্রশ্নাবলী পাঠাতে পারে না যারা সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য ইতিমধ্যে এলোপাথাড়িভাবে নির্বাচিত হয়নি।
053	**এই মুহূর্তে আমি কোন জিপি-র কাছে নিবন্ধীকৃত নই, আমি কী তাও প্রশ্নাবলীটি সম্পূর্ণ করব?** এই সমীক্ষাটি সেই সব লোকেদের কাছে পাঠানো হচ্ছে যারা গত ছয় মাস ধরে একটি জিপি ডাক্তারখানার সাথে নিবন্ধীকৃত। সুতরাং সেই সময়ের মধ্যে আপনি যদি একটি ডাক্তারখানার সাথে নিবন্ধীকৃত হয়ে থাকেন, এবং এখন আপনার নাম না থাকলেও, আপনি প্রশ্নাবলীটি সম্পূর্ণ করতে পারেন। অনুগ্রহ করে সেই সময়কালে (অথবা সেই পর্বের অধিকাংশ সময়) আপনি যে ডাক্তারখানায় নিবন্ধীকৃত ছিলেন তার বিষয়ে প্রশ্নগুলির উত্তর দিন।
057	**আমি সম্প্রতি আমার জিপি-র সাথে যোগাযোগ করিনি, আমি কী তাও প্রশ্নাবলীটি সম্পূর্ণ করব?** হ্যাঁ, আপনি তা সত্বেও প্রশ্নাবলীটি সম্পূর্ণ করতে পারেন। যদিও আপনার ক্ষেত্রে সবগুলি প্রশ্ন প্রযোজ্য হবে না তা সত্বেও আমরা আশা করি আপনি এই সমীক্ষায় অংশগ্রহণ করবেন।
092	**কার সাথে আমার দেখা করা উচিত যদি আমি অংশগ্রহণ না করতে চাই?** অংশগ্রহণ করা সম্পূর্ণ স্বেচ্ছাপ্রণোদিত, কিন্তু আমরা আশা করব যে আপনি অংশগ্রহণ করবেন কারণ এইগুলি আপনার অভিজ্ঞতার সবচেয়ে সম্ভাব্য চিত্রটি দেবে যখন কিনা আপনি আপনার ডাক্তার কে ফোন করেছিলেন অথবা তাকে দেখাতে গেছিলেন. যদি আপনি অংশগ্রহণ না করতে চান আপনাকে কিছুই করতে হবেনা, যদিও আপনি দুটি স্মরন্ সূচক পেতে পারেন আমাদের থেকে যেটা কিনা আপনি অবহেলাও করতে পারেন. -Ipsos Mori কে ফোন করুন ফ্রী ফোন 0808 238 5382 নম্বরে (সোম থেকে শুক্র, সকাল ৯টা থেকে রাত্রি ৯টা ; শনিবার সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা) -ইমেল করুন স্বাস্থ্য বিভাগে GPPatientSurvey@dh.gsi.gov.uk -ইমেল করুন Ipsos Mori কে GPPatientSurvey_Enquiry@ipsos-mori.com দয়া করে আপনার সূত্র নম্বর দিতে প্রস্তুত থাকবেন যেটা কিনা আপনার চিঠি এবং প্রশ্নপত্রের উপরে অবস্থান করছে .

সাধারণ:

062	**0808 নম্বরে ফোন করার খরচ কত?** ব্রিটেনে একটি প্রচলিত ল্যাণ্ডলাইন ফোন থেকে 0808 টেলিফোন নম্বরে করা সমস্ত কলগুলি বিনামূল্যের। যেহেতু নিঃশুল্ক 0800 নম্বরগুলি শেষ হয়ে আসছে, তাই ফ্রীফোন নম্বরগুলির জন্য 0808 নম্বরের একটি নতুন সিরিজ বরাদ্দ করা হয়েছে। মোবাইল ফোন এবং অন্য নেটওয়ার্কের মাধ্যমে করা কলের দাম আলাদা হতে পারে তাই আপনার টেলিফোন সংস্থার সাথে যাচাই করে নেওয়া উচিত।
066	**ইপসোস মোরি কাকে বলে?** ইপসোস মোরি একটি নিবন্ধীকৃত এবং স্বাধীন সমীক্ষা সংস্থা যারা কঠোরভাবে মার্কেট রিসার্চ সোসাইটির নৈতিক আচরণ বিধি মেনে চলে। ইপসোস ইউকে এবং মোরি, যাদের বিষয়ে আপনি হয়ত আলাদাভাবে শুনে থাকবেন, তারা 2005 সালের অক্টোবর মাসে একত্রিত হয়ে ব্রিটেনের দ্বিতীয় বৃহত্তম গবেষণা সংগঠন গড়ে তোলে। ইপসোস মোরিকে স্বীকৃত মূল্যায়ন সংস্থা মার্কেটিং কোয়ালিটি অ্যাশিওরেন্স (MQA) নতুন আন্তর্জাতিক প্রণালী স্ট্যাণ্ডার্ড ISO 20252 এবং ইন্টারন্যাশনাল স্ট্যাণ্ডার্ড ফর ইনফরমেশন সিকিউরিটি ISO 27001 প্রদান করে, এটা বিশ্বের প্রথম সমীক্ষা সংস্থা যারা উভয় মানদণ্ড অর্জন করেছে। ইপসোস মোরি-র বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে www.ipsos-mori.com ওয়েবসাইট দেখুন।

গোপনীয়তা/উপাত্ত রক্ষণাবেক্ষণ:

081	**আপনি কীভাবে আমার নাম ও ঠিকানা পেলেন?** ইপসোস মোরি ডিপার্টমেন্ট অফ হেল্থ-এর হয়ে প্রশ্নাবলী পাঠাচ্ছে। ডিপার্টমেন্ট অফ হেল্থ একটি জিপি-র কাছে নিবন্ধীকৃত রোগীদের এনএইচএস তালিকা থেকে এলোপাথাড়িভাবে নামগুলি নির্বাচন করেছে। ইপসোস মোরি এই সব যোগাযোগ বিবরণগুলি গোপন রাখবে এবং, সমীক্ষা সমাপ্ত হয়ে গেলে, সেগুলিকে নিরাপদভাবে ধ্বংস করে ফেলা হবে। ইপসোস মোরিকে রোগীর স্বাস্থ্য বা পরামর্শের বিষয়ে কোন নিদানিক তথ্য দেওয়া হয়নি।
083	**আপনি কী আমার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য দেখতে পারেন?** না, একেবারেই না। ইপসোস মোরি কেবল আপনার এনএইচএস নম্বর, নাম, ঠিকানা, জন্মের **তারিখ**, এবং লিঙ্গ সংগ্রহ করেছে যাতে তারা সমীক্ষার ব্যাপারে আপনার সাথে যোগাযোগ করতে পারে। আপনার স্বাস্থ্য সংক্রান্ত কোন তথ্য সংগ্রহ করা হয়নি - এটা আপনি এবং আপনার জিপির মধ্যে গোপন রাখা আছে। জন্মের তারিখ এবং লিঙ্গ সংক্রান্ত তথ্য, শুধু অজ্ঞাত সমীক্ষার উপাত্ত যাতে তা যতখানি সম্ভব নিখুঁতভাবে জনসংখ্যার চরিত্রচিত্রণের সাথে খাপ খায় তা নিশ্চিত করার উদ্দেশ্যে ব্যবহার করা হবে।
097	**এই সমীক্ষায় আমার ডাক্তার কী ভাবে জড়িত?** ডিপার্টমেন্ট অফ হেল্থ এবং আপনার জিপি ডাক্তারখানার মধ্যে চুক্তির জন্য বর্তমান ব্যবস্থার একটা অংশ হিসাবে এই সমীক্ষা পরিচালনা করা হচ্ছে। এই প্রশ্নাবলী এলোপাথাড়িভাবে নির্বাচিত মানুষের কাছে পাঠানো হচ্ছে যারা ইংল্যাণ্ডের একজন জিপি-র কাছে নিবন্ধীকৃত, এবং আপনার নাম ডিপার্টমেন্ট অফ হেল্থ-এর কাছে রাখা একজন জিপি-র কাছে নিবন্ধীকৃত রোগীদের তালিকা থেকে এলোপাথাড়িভাবে নির্বাচন করা হয়েছে। জিপি ডাক্তারখানাগুলিকে সমীক্ষার বিষয়ে অগ্রীম খবর দেওয়া হয়েছে। তাদের ডাক্তারখানার জন্য তারা অজ্ঞাত, পরিসংখ্যান পরিণাম পেতে পারে, কিন্তু তারা ব্যক্তিগত উত্তরগুলি দেখতে পাবে না।
098	**আমার ডাক্তার কী এই সমীক্ষার বিষয়ে জানে?** হ্যাঁ, আপনার জিপি-কে সমীক্ষার বিষয়ে অগ্রীম খবর পাঠানো হয়েছিল তার কারণগুলিসহ।
099	**আমার ডাক্তার কী এই সমীক্ষার জন্য আমার উত্তরগুলি দেখবেন?** না, সনাক্ত করা যায় এমন ব্যক্তিগত উত্তরগুলি ইপসোস মোরি ছাড়া কোন ব্যক্তি দেখতে পাবে না। শুধু অজ্ঞাত উপাত্ত ডিপার্টমেন্ট অফ হেল্থ এবং এনএইচএস-কে দেওয়া হবে। ইপসোস মোরির বাইরে কেউ জানবে না কার কাছে প্রশ্নাবলী পাঠানো হয়েছে অথবা কে তা ফেরৎ দিয়েছে।
100	**পরিণামে কী আমাকে সনাক্ত করা যাবে?** না, সনাক্ত করা যায় এমন ব্যক্তিগত উত্তরগুলি ইপসোস মোরি ছাড়া কোন ব্যক্তি দেখতে পাবে না। শুধু অজ্ঞাত উপাত্ত ডিপার্টমেন্ট অফ হেল্থ এবং এনএইচএস-কে দেওয়া হবে। ইপসোস মোরির বাইরে কেউ জানবে না কার কাছে প্রশ্নাবলী পাঠানো হয়েছে অথবা কে তা ফেরৎ দিয়েছে।